মুজিববর্ষের অঙ্গীকার
ঘরে ঘরে গ্রন্থাগার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

## ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উদ্‌যাপনের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত বিশেষ প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আবুবকর সিদ্দিক
মহাপরিচালক
সভার তারিখ : ১০ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।
সভার সময় : বিকাল ০৩:০০ টা
সভার স্থান : সম্মেলন কক্ষ, গণগ্রন্থাগার অধিদপ্তর।

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত)

আগামী ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' উদ্‌যাপনের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে গত ১০ জানুয়ারি, ২০২১ তারিখে বিশেষ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| ১. | প্রতিপাদ্য বিষয়/স্লোগান নির্ধারণ | সভাপতি মহোদয় প্রতিপাদ্য বিষয়ে সভায় উপস্থিত সকলের অবগতির জন্য জানান যে, 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' এর জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী নিম্নোক্ত প্রতিপাদ্য বিষয় নির্ধারণের নির্দেশনা প্রদান করেছেন:<br>**'মুজিববর্ষের অঙ্গীকার ঘরে ঘরে গ্রন্থাগার'**<br>উল্লিখিত প্রতিপাদ্য বিষয়টি ৪র্থ জাতীয় গ্রন্থাগার দিবসের সকল অনুষ্ঠানে ব্যবহার ও ব্যাপকভাবে প্রচার করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | নিম্নোক্ত স্লোগানটিকে ৪য় জাতীয় গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য হিসেবে সকল অনুষ্ঠানে ব্যবহার ও ব্যাপকভাবে প্রচার করা হবে:<br>**'মুজিববর্ষের অঙ্গীকার ঘরে ঘরে গ্রন্থাগার'** | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান |
| ২. | জাতীয়/বিভাগীয় /জেলা পর্যায়ে র‍্যালির আয়োজন | বর্তমানে বিশ্বব্যাপী করোনা (কোভিড-১৯) ভাইরাসের প্রাদুর্ভাবের বিষয়টি বিবেচনায় রেখে এ সংক্রান্ত জাতীয় কমিটির গত ০৪.০১.২০২১ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক এ বছর দিবসটি উদ্‌যাপনের কর্মসূচিতে 'র‍্যালি' অন্তর্ভুক্ত থাকবে না মর্মে সভায় আলোচনা হয়। | জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী এ বছর দিবসটি উদ্‌যাপনের কর্মসূচিতে 'র‍্যালি' অন্তর্ভুক্ত থাকবে না। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৩. | উদ্বোধন, | উদ্বোধন, আলোচনা সভা ও সাংস্কৃতিক | • উদ্বোধন, আলোচনা সভা ও | সংস্কৃতি বিষয়ক |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবা কারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান | অনুষ্ঠানের বিষয়ে সভাপতি মহোদয় জাতীয় কমিটির সিদ্ধান্তসমূহ সভায় উপস্থাপন করেন:<br>• গণগ্রন্থাগার অধিদপ্তরের চত্বরে বেলুন ও ফেস্টুন উড়িয়ে বেলা ০৩:০০ টায় উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে।<br>• উদ্বোধনী অনুষ্ঠান শেষে মুজিববর্ষের সাথে সামঞ্জস্য রেখে গ্রন্থাগার দিবসের প্রতিপাদ্য বিষয়কে কেন্দ্র করে শওকত ওসমান স্মৃতি মিলনায়তনে বেলা ০৩:৩০ টায় আলোচনা সভা এবং শেষে মনোজ্ঞ ধ্রুপদী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এ সকল অনুষ্ঠানে স্বাস্থ্যবিধি মেনে অনধিক ২০০ জন অতিথিকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।<br>• আগামী ০৬/০২/২০২১ তারিখ জাতীয় গ্রন্থকেন্দ্র এবং ০৭/০২/২০২১ তারিখ বাংলা একাডেমি কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' কে কেন্দ্র করে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হবে।<br>• বিভাগীয় ও জেলা পর্যায়ের স্থানীয় কমিটি স্ব-স্ব সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে এ সকল অনুষ্ঠানের আয়োজন করবে মর্মে সভায় আলোচনা করা হয়। | সাংস্কৃতিক অনুষ্ঠান বাস্তবায়নের জন্য গঠিত উপকমিটিকে এ বিষয়ে একটি সুস্পষ্ট পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং এ সকল অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সকল সদস্যদের আমন্ত্রণ জানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আগামী ০৬/০২/২০২১ তারিখ জাতীয় গ্রন্থকেন্দ্র এবং ০৭/০২/২০২১ তারিখ বাংলা একাডেমি কর্তৃক 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' কে কেন্দ্র করে বিশেষ আলোচনা সভা আয়োজনের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট দুটি প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করতে হবে। | মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর<br><br>বাংলা একাডেমি ও জাতীয় গ্রন্থকেন্দ্র |
| ৪. | ক্রোড়পত্র ও স্মরণিকা প্রকাশ | ক্রোড়পত্র ও স্মরণিকা প্রকাশের জন্য ইতোমধ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক এ সংক্রান্ত একটি উপকমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি যথা সময়ে ক্রোড়পত্র ও স্মরণিকা প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় আলোচনা করা হয়। | • ক্রোড়পত্রে অন্তর্ভূক্তির জন্য মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংসদীয় স্থায়ী কমিটির মাননীয় সভাপতি, সচিব মহোদয় ও গণগ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়সহ মোট ৬টি বাণী দ্রুত সংগ্রহ করতে হবে।<br>• স্মরণিকার কনটেন্টসমূহ দ্রুত প্রস্তুত করে প্রিন্টিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৫. | উপানুষ্ঠানিক পত্র প্রেরণ | ০৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদ্‌যাপনে সহযোগিতা করার অনুরোধ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের স্বাক্ষরে জেলা প্রশাসক ও সিটি কর্পোরেশনের মেয়রগণের নিকট ডি. ও | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী প্রতিষ্ঠান |
|---|---|---|---|---|
| | | জানিয়ে জেলা প্রশাসক এবং সিটি কর্পোরেশনের মেয়রগণের বরাবর ডিও লেটার প্রেরণের নিমিত্ত জাতীয় কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ডিও লেটারের পাশাপাশি জাতীয় কমিটির ০৪.০১.২০২০ তারিখের সভার কার্যবিবরণী ও দিবসটি উদ্‌যাপন উপলক্ষে গত বছর গঠিত জেলা কমিটির পত্র জেলা প্রশাসকের কার্যালসমূহে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | লেটার প্রেরণের পাশাপাশি জাতীয় কমিটির ০৪.০১.২০২১ তারিখের সভার কার্যবিবরণী ও দিবসটি উদ্‌যাপন উপলক্ষে গত বছর গঠিত জেলা কমিটির পত্র জেলা প্রশাসকের কার্যালসমূহে প্রেরণ করা হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর |
| ৬. | বিবিধ | সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ এবং বিভাগীয় ও জেলা কারাগারের আওতাধীন গ্রন্থাগারসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' গুরুত্বসহকারে পালন করে সেজন্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও কারা অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিসমূহ যেন ৫ ফেব্রুয়ারি 'জাতীয় গ্রন্থাগার দিবস-২০২১' গুরুত্বসহকারে পালন করে সেজন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং গণগ্রন্থাগার অধিদপ্তর কর্তৃক কারা অধিদপ্তরকে পত্রের মাধ্যমে অনুরোধ করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও গণগ্রন্থাগার অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আবুবকর সিদ্দিক)
মহাপরিচালক
ফোন: ৯৬৭১২৩৪
e-mail: dg.dpl.2012@gmail.com

স্মারক: ৪৩.২৬.০০০০.০০২.২৩.৮৪১.২০২০- ৮৬/১(২৯৮)

তারিখ: ২৮ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ / ১২ জানুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১. পরিচালক, প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০২. পরিচালক, লাইব্রেরি উন্নয়ন ও আইসিটি, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০৩. যুগ্মসচিব (অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. প্রকল্প পরিচালক, দেশব্যাপী ভ্রাম্যমাণ লাইব্রেরি শীর্ষক প্রকল্প, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
০৭. জেলা প্রশাসক,...(সকল)...............................................................।
০৮. প্রকল্প পরিচালক, লাইব্রেরিজ আনলিমিটেড প্রজেক্ট, বৃটিশ কাউন্সিল, ঢাকা।
০৯. পরিচালক, শিক্ষা ও সংস্কৃতি, ব্র্যাক, ঢাকা।
১০. পরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,.................................................................।
১১. সভাপতি, লাইব্রেরি এ্যাসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা।
১২. নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়,.......................................।
১৩. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

১৪. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), প্রশাসন ও হিসাব, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।

১৫. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার,.......................................................................।

১৬. লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার,.......................................................................................।

১৭. .........................................................................................................................................।

১৮. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়,....................................।

১৯. সহকারী পরিচালক, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকা।
২০. সহকারী পরিচালক (উন্নয়ন), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২১. লাইব্রেরিয়ান/সহকারী পরিচালক (পরিসংখ্যান), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২২. লাইব্রেরিয়ান (পাঠকসেবা), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৩. সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৪. সহকারী প্রোগ্রামার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৫. মেইনটেনেন্স সুপারভাইজার, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৬. সহকারী লাইব্রেরিয়ান (সকল), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
২৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
২৮. অফিস কপি।

২২/১/২০২০

**(খন্দকার আসিফ মাহতাব)**
সহকারী পরিচালক
(প্রশাসন ও হিসাব)
ফোন: ৫৮৬১৭০১৬